



নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,  
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
সেইফটি অধিশাখা  
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,  
ঢাকা-১০০০১  
www.dife.gov.bd

## নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee" র সভা (আগস্ট/২০২৩) এর কার্যবিবরণী

সভাপতি	মোছাঃ জুলিয়া জেসমিন যুগ্ম মহাপরিদর্শক
সভার তারিখ	২২ আগস্ট, ২০২৩
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) এর কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee"র সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই হাইকোর্টের রীট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এর রায়ের আলোকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee" এর সার্বিক কার্যক্রমসহ বর্তমান অবস্থা বর্ণনা করেন।

২। প্রধান কার্যালয়ে নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee"র অন্যতম সদস্য জনাব মাহবুবা আক্তার, পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) বলেন, উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে কর্মকর্তাদের মধ্যে কর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধ বিষয়ে স্বচ্ছ ধারণা ও সচেতনতা সৃষ্টি করা প্রয়োজন। তদন্ত কার্যক্রম পরিচালনা, অভিযোগ নিষ্পত্তিসহ তদন্ত কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিটি বিষয় সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য ব্লাস্ট ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের যৌথ আয়োজনে ঢাকা ও চট্টগ্রামে বিভাগীয় পর্যায়ে ওয়ার্কশপ করা যেতে পারে বলে তিনি মতামত ব্যক্ত করেন।

জবাবে, সভাপতি মহোদয় ও প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক বলেন, বিভাগীয় পর্যায়ে চট্টগ্রামে সেপ্টেম্বর, ২০২৩ ও ঢাকায় অক্টোবর, ২০২৩ মাসে এ সংক্রান্ত ওয়ার্কশপ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হবে।

৩। সভাপতি মহোদয় সভায় অবহিত করেন যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে নারীর প্রতি যৌন হয়রানী নিরসন ও প্রতিরোধে SOP এর খসড়া প্রস্তুত করা হয়েছে। উক্ত খসড়া SOP এর উপর কমিটির সদস্যদের মতামত পরবর্তী সভায় আলোচনা করা হবে।

৪। প্রধান কার্যালয়ের "complaint committee"র অন্যতম সদস্য জনাব এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেইফটি এন্ড রাইটস সোসাইটি, জনাব মোঃ তাওহীদুল হক ভূঁইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), আইন উপশাখাকে "complaint committee"র পরবর্তী সভাসমূহে অংশগ্রহণ করার ব্যাপারে গুরুত্বারোপ করেন।

জবাবে, সভাপতি মহোদয় বলেন যে, জনাব মোঃ তাওহীদুল হক ভূঁইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), আইন উপশাখাকে "complaint committee"তে কো অর্পট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। জনাব মাহবুবা আক্তার, পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), বলেন যে, ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র কার্যক্রম ফলো আপ করার জন্য একটি সুনির্দিষ্ট পদ্ধতি থাকা প্রয়োজন।

সভাপতি মহোদয় বলেন, "complaint committee"র কার্যক্রম ফলো আপ করার পদ্ধতি সম্পর্কে মহাপরিদর্শক মহোদয় হতে নির্দেশনা গ্রহণ করা হবে।

#### সিদ্ধান্তসমূহঃ

১। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও ব্লাস্ট এর যৌথ আয়োজনে ঢাকা ও চট্টগ্রামে বিভাগীয় পর্যায়ে যথাক্রমে অক্টোবর, ২০২৩ ও সেপ্টেম্বর, ২০২৩ মাসে ওয়ার্কশপ আয়োজন করা হবে।

২। নারীর প্রতি যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য SOP এর খসড়া প্রস্তুতকরণে ওয়ার্কিং কমিটি কাজ করবে।

৩। জনাব মোঃ তাওহীদুল হক ভূঁইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), আইন উপশাখাকে "complaint committee"তে কো অর্পট করা হবে।

৪। "complaint committee"র কার্যক্রম ফলো আপ করার পদ্ধতি সম্পর্কে মহাপরিদর্শক মহোদয় হতে সদয় নির্দেশনা গ্রহণ করা হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



১৩-০৯-২০২৩

মোছাঃ জুলিয়া জেসমিন

যুগ্ম মহাপরিদর্শক

healthwing.dife@gmail.com

২৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.০০০০.১০২.১৮.০০৬.২১.৮৩৩

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম মহাপরিদর্শক (সকল);
- ২। উপমহাপরিদর্শক (সাধারণ/সেইফটি/স্বাস্থ্য/প্রশাসন/মানবসম্পদ/অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/মনিটরিং ও মূল্যায়ন/আইএসইউ);
- ৩। উপমহাপরিদর্শক (৩১ কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৪। পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট);
- ৫। লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি;
- ৬। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৭। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৯। সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), শৃঙ্খলা ও তদন্ত উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং
- ১০। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।



সকল সংযুক্তিসমূহ:

(১) Attendance 22.08.2023

A handwritten signature in blue ink, appearing to read 'Khemini'.

১৩-০৯-২০২৩  
মোছাঃ জুলিয়া জেসমিন  
যুগ্ম মহাপরিদর্শক